বাংলাদেশ ব্যাংক

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

প্রধান কার্যালয়

ঢাকা ।

বিজ্ঞপ্তি নং- ৯৭/২০২১

তারিখঃ ২২ ভাদ্র, ১৪২৮
০৬ সেপ্টেম্বর, ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত প্রবাসী কল্যাণ ব্যাংক এ নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতির জন্য নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

০১।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল,২০১৫)	শূন্য পদ (কম/বেশি)	সর্বোচ্চ বয়স সীমা (২৫/০৩/২০২০ তারিখে)	শিক্ষাগত, পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ক)	উপ-মহাব্যবস্থাপক/ ভাইস প্রেসিডেন্ট	টা:৫৬,৫০০-৭৪,৪০০ (গ্রেড-৩) এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	৮ টি	৫০ বছর	(ক) তপশিলি ব্যাংকে এজিএম পদে বৈদেশিক বিনিময়/ট্রেজারী/আইটি/সিস্টেম অডিট/ অর্থ ও হিসাব বিষয়ে ন্যূনতম ৩(তিন) বছরের চাকুরীসহ ব্যাংক কর্মকর্তা হিসেবে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডে ১৫(পনের) বছরের অভিজ্ঞতা থাকবে হবে। (খ) শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না ।
খ)	সহকারী-মহাব্যবস্থাপক/ ডেপুটি ভাইস প্রেসিডেন্ট	টা:৫০,০০০-৭১,২০০ (গ্রেড-৪) এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	২০ টি	৪৭ বছর	(ক) তপশিলি ব্যাংকে এসপিও পদে বৈদেশিক বিনিময়/ট্রেজারী/আইটি/সিস্টেম অডিট/ অর্থ ও হিসাব বিষয়ে ন্যূনতম ৩(তিন) বছরের চাকুরীসহ ব্যাংক কর্মকর্তা হিসেবে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডে ১২(বার) বছরের অভিজ্ঞতা থাকবে হবে। (খ) শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না ।
গ)	সিনিয়র প্রিন্সিপাল অফিসার/এসিঃ ভাইস প্রেসিডেন্ট	টা:৪৩,০০০-৬৯,৮৫০ (গ্রেড-৫) এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	৩২ টি	৪৫ বছর	(ক) তপশিলি ব্যাংকে প্রিন্সিপাল অফিসার/সমমানের পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতাসহ ব্যাংক কর্মকর্তা হিসেবে ১০(দশ) বছরের অভিজ্ঞতা থাকবে হবে। (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না।
ঘ)	সিস্টেম এনালিস্ট	টা:৪৩,০০০-৬৯,৮৫০ (গ্রেড-৫) এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	২ টি	৪০ বছর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রী; (খ) কোনো সরকারি/স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারি সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/ কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসাবে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী অভিজ্ঞতা থাকতে হবে।
ঙ)	মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার(হার্ড/নেট)	টা:৩৫,৫০০-৬৭,০১০ (গ্রেড-৬) এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	২ টি	৩৫ বছর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রী; (খ) কোনো সরকারি/স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী মেইনটিন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার/সিনিয়র কম্পিউটার অপারেটর হিসাবে অন্যূন ৪(চার) বৎসরের চাকুরী অভিজ্ঞতা থাকতে হবে।

২। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-০১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুসরণ করা হবে।

৩। **Job ID : Job ID No** উপ-মহাব্যবস্থাপক/ভাইস প্রেসিডেন্ট: ১০১৪১ , সহকারী মহাব্যবস্থাপক'/ডেপুটি ভাইস প্রেসিডেন্ট: ১০১৪২ , সিনিয়র প্রিন্সিপাল অফিসার/এসিঃ ভাইস প্রেসিডেন্ট: ১০১৪৩, সিস্টেম এনালিস্ট: ১০১৪৪ ও মেইনটিন্যান্স ইঞ্জিনিয়ার(হার্ড/নেট) :১০১৪৫ আবেদন ফি প্রদানের সময় নির্ধারিত স্থানে ব্যবহার করতে হবে।

৪। **আবেদনপত্র দাখিল এবং ফি প্রদানের শেষ তারিখ ও সময় : ২৬/০৯/২০২১ তারিখ, রাত ১১.৫৯ টা।**

৫। **Verify Payment** (prepaid পদ্ধতি) এবং **Tracking Page সংগ্রহের শেষ তারিখ ও সময় : ২৮/০৯/২০২১ তারিখ, রাত ১১.৫৯ টা।**

৬। **আবেদন ফি:** অফেরতযোগ্য **টা. ২০০/-(টাকা দুইশত মাত্র)** যা ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর Payment Gateway **'রকেট'** এর মাধ্যমে আবেদনকারীকে নিজের অথবা এজেন্ট একাউন্ট ব্যবহার করে ফি প্রদান করতে হবে।

চলমান পাতা/০২

পূর্ব পৃষ্ঠার পরঃ

৭। আবেদন পদ্ধতি:

ক. **Online Application Form:** শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) -এর Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online এ আবেদন দাখিলের সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

খ. **CV ID No. :** বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থীদের বিদ্যমান CV ID No এবং Password ব্যবহার করে আবেদন দাখিল করতে হবে। নতুন প্রার্থীগণ Online এ নিবন্ধন সম্পন্ন করলে একটি CV ID No এবং Password প্রাপ্ত হবেন যা ভবিষ্যতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে।

গ. **প্রার্থীর বিবরণ:** প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে Online আবেদনে ঠিক সেভাবে লিখতে হবে।

ঘ. **প্রার্থীর বর্তমান ঠিকানা:** প্রার্থীর বর্তমান বসবাসের স্থান এবং নিয়োগ সংক্রান্ত চিঠিপত্র পেতে ইচ্ছুক ঠিকানাকে বর্তমান ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে।

ঙ. **প্রার্থীর স্থায়ী ঠিকানা:** প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানা প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে। অনলাইন আবেদনে উল্লিখিত প্রার্থীর স্থায়ী ঠিকানা বর্ণিত পদের ক্ষেত্রে কোনভাবেই পরিবর্তন যোগ্য নয়। তবে অবিবাহিত মহিলা প্রার্থীগণ আবেদন দাখিলের পরে বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

চ. **ছবি (Photo):** নতুন আবেদনকারীর ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই Online Application Form এর নির্ধারিত স্থানে 600x600 pixel এর কম বা বেশী নয় এবং file size 100 KB এর বেশি নয় এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা প্রার্থীর রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড সম্বলিত) scan করে আপলোড করতে হবে। ছবি তোলার সময় মুখ ও কানের উপর আবরণ রাখা যাবে না। সাদাকালো ছবি এবং Informal ছবি গ্রহণযোগ্য হবে না।

ছ. **স্বাক্ষর (Signature):** নতুন আবেদনকারীর ক্ষেত্রে Online Application Form এর নির্ধারিত স্থানে 300x80 pixel এর কম বা বেশি নয় এবং file size 60 KB এর বেশি নয় এরূপ মাপের প্রার্থীর নিজের স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। আপলোডকৃত প্রার্থীর স্বাক্ষর অবশ্যই সাদা কাগজের উপর কালো কালিতে প্রদত্ত হতে হবে।

জ. **অর্জিত ডিগ্রীর ফলাফলের তারিখ:** পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রীর ফলাফল প্রকাশের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

ঝ. **বিদেশী ডিগ্রীধারী প্রার্থী:** প্রার্থী 'O' Level ও 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/ বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

ঞ. **আবেদন ফি প্রদান পদ্ধতি:** আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd/onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে। Instant এবং Prepaid উভয় পদ্ধতিতে একজন আবেদনকারী নিজের অথবা এজেন্ট একাউন্ট এর মাধ্যমে ফি প্রদান করতে পারবেন।

(১) Prepaid পদ্ধতি: রকেট অ্যাপ্স বা ম্যানুয়াল উভয় ক্ষেত্রেই ফি প্রদানের জন্য Biller ID হিসেবে Bankers Selection Committee Secretariat অথবা ৪৯৯ সিলেক্ট করতে হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে সংশ্লিষ্ট Job ID No, নিজ CV ID No. এর ১ম অংশ {হাইফেনের (-) আগের অংশ}, ফি এর পরিমাণসহ প্রয়োজনীয় তথ্য ব্যবহার করে ফি প্রদান করতে হবে। ফি প্রদান করলে প্রার্থী মোবাইলের মেসেজ অপশনে একটি Transaction ID (TxnID) নম্বর পাবেন । প্রাপ্ত TxnID নম্বর টি ব্যবহার করে প্রার্থীকে অবশ্যই পৃথকভাবে Payment Verify সম্পন্ন করতে হবে; অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে।

(২) Instant Payment পদ্ধতি: আবেদনের সময় বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটের Payment অপশন হতে Instant Payment নির্বাচন করলে প্রার্থী সরাসরি রকেট এর ১টি লিংক পাবেন। উক্ত লিংকের মাধ্যমে রকেট একাউন্ট হতে ফি প্রদানের পরপরই মোবাইলের মেসেজ অপশনে ১টি One Time Password (OTP) পাবেন। প্রাপ্ত OTP টি নির্ধারিত সময়ের মধ্যে লিংকের নির্দিষ্ট ফিল্ডে বসিয়ে প্রার্থীকে Payment Verify সম্পন্ন করতে হবে।

ঠ. **Verify Payment**: Prepaid পদ্ধতিতে প্রার্থীগণকে ফি প্রদানের পর প্রাপ্ত TxnID বাংলাদেশ ব্যাংকের erecruitment সাইটের নির্দিষ্ট ফিল্ডে বসিয়ে Payment Verify সম্পন্ন করতে হবে। Instant Payment পদ্ধতিতে প্রার্থীগণকে পৃথকভাবে Payment Verify করার প্রয়োজন নেই।

ড. **Tracking Page সংগ্রহ :** Payment Verify সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID No. সম্বলিত ১টি Tracking Page প্রদান করা হবে। Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে। Tracking Page সংরক্ষণ করলেই প্রার্থীর আবেদন সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। নির্ধারিত সময়ের পরে কোনো অবস্থাতেই Tracking Page এর Duplicate Copy সরবরাহ করা হবে না।

৮। **Online Application Form** এ প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী জেলা, জন্ম তারিখ, ছবি, স্বাক্ষরসহ অন্যান্য তথ্য অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে নিজে পূরণ করতে হবে। **Online Application Form** এ প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নির্বাচন করা হবে।

৯। প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের প্রবেশপত্র ও নির্বাচনী পরীক্ষার তারিখ ও অন্যান্য বিষয় সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট এবং দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশ করা হবে।

১০। প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

চলমান পাতা/০৩

পূর্ব পৃষ্ঠার পরঃ

১১। প্রার্থীদেরকে Online আবেদনের সময় কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। প্রার্থীগণকে অনলাইন আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার দিন জমা প্রদান করতে হবে। **Online Application Form** এ প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো substantive ত্রুটি ধরা পড়লে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে প্যানেল প্রস্তুতিকালে কোনো প্রকার ত্রুটি পরিলক্ষিত হলেও প্রার্থীকে প্যানেলভূক্ত করা হবে না।

১২। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৪। প্রবাসী কল্যাণ ব্যাংক প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

বিশেষ দ্রষ্টব্যঃ শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র পূরণ ও নির্ধারিত ফি প্রদানকরতঃ Tracking Page টি হার্ডকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। ভুল Job ID বা ভুল CV ID ব্যবহারপূর্বক ফি জমা দিলে আবেদন গ্রহণযোগ্য হবে না এবং এর ফলে প্রদত্ত আবেদন ফি ফেরত পাওয়া যাবে না ।

স্বাক্ষরিত/-
(ওয়াহিদা নাসরিন)
মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি